1 হ্যাঁ। না। জানি না। আমি বুঝিনা।

2 আপনার নাম কি? আপনি ইংরেজী অক্ষরে লিখতে পারেন?

3 অনুগ্রহ করে আপনার ঠিকানা লিখে দিন।

4 আপনার বয়স কত?

5 আপনার ব্যাপারে প্রয়োজন হ'লে যোগাযোগ করা যায় এমন কারো নাম, টেলিফোন নম্বর বা ঠিকানা দিতে পারেন কি?

6 আপনাকে শীঘ্রই পরীক্ষা করবেন একজন [1]ডাক্তার। [2]নার্স।

7 আপনি কি কোন দুর্ঘটনায় পড়েছিলেন? দুর্ঘটনা কখন হয়েছিল? (ক্যালেণ্ডারের তারিখ এবং ঘড়িতে সময় দেখিয়ে দিন)

8 আপনি কি জ্ঞান হারিয়েছিলেন?

9 আপনি কখন অসুস্থ হয়ে পড়েন? (ক্যালেণ্ডারের তারিখ এবং ঘড়িতে সময় দেখিয়ে দিন)

10 আপনার শরীরে কোন ব্যাথা বেদনা আছে? কোথায় দেখিয়ে দিন। ব্যথা কখন শুরু হয়? (ক্যালেণ্ডারের তারিখ এবং ঘড়িতে সময় দেখিয়ে দিন)

11 আপনার যন্ত্রণার স্তরটি কি? 1 (যন্ত্রণা নেই) 2 3 4 5 6 7 8 9 10 (দীর্ঘকালিন যন্ত্রণা)

12 আপনার শরীরে ব্যাথা থাকলে সে ব্যথা কি সবসময় থাকে? নাকি কখনও থাকে আবার কখনও থাকে না?

13 আপনার কি কোন রক্তপাত হয়েছে? কোথায় দেখিয়ে দিন।

14 আপনার কি কোন ধরণের কাশি আছে? কাশির সাথে গলা থেকে কিছু কি বের হয়?
কিছু বের হ'লে তার রং কি? সাদা? হলদে-সবুজ? লাল? বাদামী?

15 আপনার কি কখনও শ্বাসকষ্ট হয়?

16 আপনার কি বমি হয়েছে? আপনি কি রক্তবমি করেছেন?

17 আপনার কি পেটের অসুখ হয়েছে বা দাস্ত হয়েছে?

18 আপনার কি কোষ্ঠকাঠিন্য আছে?

19 আপনার কি কালো পায়খানা হয়েছে?

20 আপনার পায়ের কণ্ঠা (বা গিরা) কি কখনও ফুলে ওঠে?

21 আপনার কি সম্প্রতি শরীরের ওজন কমে গিয়েছে?

22 আপনার কি [1]দেখতে [2]শুনতে [3]ঢোক গিলতে [4]হাঁটতে কখনও অসুবিধা হয়?

23 আপনার শরীরে কি কখনো অস্ত্রোপচার হয়েছে? কোথায় দেখিয়ে দিন।

24 আপনার সর্বশেষ মাসিক স্রাব কবে শুরু হয়েছিল? (ক্যালেণ্ডারে দেখিয়ে দিন)
আপনি কি গর্ভবতী? আপনি ক'মাসের গর্ভবতী?
আপনার কি গর্ভবতী হবার সম্ভাবনা আছে? আমরা কি একটা প্রেগন্যান্সি পরীক্ষা করতে পারি?

25 আপনি কি ধূমপান করেন? করলে দিনে কয়টি সিগারেট খান?

26 আপনার কি [1]চিনি জনিত কারণের বহুমুত্র রোগ আছে? [2]মৃগী? [3]হাঁপানি?

27 আপনার কি [1]কখনও হৃদযন্ত্র সংক্রান্ত অসুবিধা ছিল? [2]অ্যানজাইনা? [3]হাই ব্লাড প্রেশার?
[4]পক্ষাঘাত? [5]স্ট্রোক? [6]জনডিস? [7]হেপাটাইটিস?

28 আপনার কি কোন ঔষধের প্রতি এলার্জি রয়েছে? পেনিসিলিন? এ্যাসপিরিন? অথবা অন্য কোন ঔষধে?

29 আপনি কি বর্তমানে কোন ঔষধ খাচ্ছেন? তার কিছুটা কি এখন আপনার সাথে আছে?
আপনি কি অন্য কোন ঔষধ নিচ্ছেন নাকি ন্যাচারাল উপচার?

30 কতগুলি ট্যাবলেট আপনি নিয়েছেন?

31 আপনি কি টিটেনাস ইমিউনাইজেশন-এ আপ টু ডেট?

32 আপনি সম্প্রতি ইউ. কে. ছাড়া অন্য কোন দেশে গিয়েছিলেন কি? কোথায়? কবে?

33 আমি একজন [1]নার্স। [2]ডাক্তার। [3]প্রাথমিক উপচারকারী। [4]প্যারামেডিক। [5]সমাজসেবী।

34 আমি আপনাকে পরীক্ষা করতে পারি? কোন পুরুষ আপনাকে পরীক্ষা করলে আপনি কি কিছু মনে [1]করবেন? [2]মহিলা?

35 দুঃখীত, এতে লাগতে পারে।

36 আমার যন্ত্রের সাহায্যে আপনার রক্তচাপ পরীক্ষা করতে হবে।

37 আপনার ছাতীর ধড়কন শুনতে হবে।

38 আমি আপনার হার্ট পরীক্ষা করতে চাই।

39 আমাকে আপনার শরীরের ভেতর পরীক্ষা করতে হবে।

40 আমার আপনাকে একটি ইনজেকশন দিতে হবে।

41 এই টিউবটি আমাকে আপনার শরীরে ঢোকাতে হবে।

42 আমাকে আপনার রক্তের নমুনা নিতে হবে।

43 আমাকে একটি এক্স-রে নিতে হবে।

44 আমাকে আপনার শরীরে কয়েকবার সুঁই দিয়ে সেলাই করতে হবে।
আপনার সেলাই কাটানোর জন্য আপনার ডাক্তারের কাছে যেতে হবে এই তারিখে (ক্যালেণ্ডারের তারিখ এবং ঘড়িতে সময় দেখিয়ে দিন)

45 আপনার ফ্যাক্চার হলে/ভেঙ্গে গেলে: [1]পা। [2]গোড়ালী। [3]হাত। [4]কব্জি-তে। [5]কাঁধ।

46 একটা কাস্ট লাগানো খুব জরুরী আপনার: [1]পা। [2]গোড়ালী। [3]হাত। [4]কব্জি-তে।

47 এটি (পএণ্ট) আপনাকে এতদিন পর্যন্ত রাখতে হবে (ক্যালেণ্ডারে দেখিয়ে দিন)।

48 এই আধারে (বা বোতলে) দয়া করে প্রস্রাব করুন।

49 দয়া করে কোন কিছু খাওয়া বা পান করা থেকে বিরত থাকুন।

50 আপনি এখন উঠে পড়তে পারেন।

51 আপনাকে হাসপাতালে থাকতে হবে।
ওয়ার্ডে বেড না পাওয়া পর্যন্ত অনুগ্রহ করে অপেক্ষা করুন।

52 সব কিছু ঠিক হয়ে যাবে। চিন্তা করবেন না।

53 আমি কি আপনাকে একটা ট্যাক্সি ডেকে দেব?

54 আপনার কোন সাহায্য দরকার হলে এটি ব্যবহার করুন।

55 দয়া করে অপেক্ষা করুন। দয়া করে এদিক দিয়ে আসুন। আপনি বাসায় চলে যেতে পারেন।

56 আপনার সমস্যা বেশী হলে দয়া করে আবার আসবেন।

57 আমি এটা আপনাকে আবার দিচ্ছি....

রোগীদের থেকে প্রশ্ন

58 আমাকে কতক্ষণ অপেক্ষা করতে হবে? 1 ঘণ্টা পর্যন্ত 2 ঘণ্টা পর্যন্ত 3 ঘণ্টা পর্যন্ত 4 ঘণ্টা পর্যন্ত

59 কেউ আমার নাম ডাকবে কি?

60 টেলিফোনটা কোথায়, আমি আমার পরিবার/বন্ধুকে ফোন করতে চাই?

61 আপনি দয়া করে আমায় একট ট্যাক্সি ডেকে দিতে পারেন যাতে আমি বাড়ী যেতে পারি?

62 আমি ভাল হয়ে যাবো তো?